গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা

**সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) বিষয়ে মৎস্য অধিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ২০২৩-২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | খঃ মাহবুবুল হক<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর |
| সভার তারিখ | ১৪/০৮/২০২৩ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ (২য় তলা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা এবং ভার্চুয়াল প্লাটফর্ম (Zoom Apps) |
| উপস্থিতি | সভায় অংগ্রহণকারীগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'-তে প্রদর্শিত হলো। |

সভাপতি সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফর্মে (Zoom Apps) সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি বলেন, মৎস্য সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক সমৃদ্ধির লক্ষ্যে মৎস্য অধিদপ্তর স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য প্রতিনিয়ত কাজ করে যাচ্ছে এবং বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। সে প্রেক্ষিতে, সেবা প্রদান প্রতিশ্রুতি যথার্থ বাস্তবায়ন হলে নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে বলে তিনি আশা প্রকাশ করেন। অতঃপর তিনি উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর-কে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের গুরুত্ব উপস্থাপনসহ সভা পরিচালনার অনুরোধ জানান।

২. ড. মোঃ আবদুর রউফ, উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর আওতাধীন দপ্তরসমূহের প্রদর্শিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি' মোতাবেক সকল সেবা যথার্থভাবে প্রদান করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সেবাপ্রদান প্রতিশ্রুতি-এর ভিশন, মিশন এবং 'অভিযোগ প্রতিকার ব্যাবস্থাপনা' অংশে প্রয়োজনীয় সংশোধনের জন্য উপস্থিত সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন। এরপর তিনি উপপরিচালক (মৎস্যচাষ)-কে এ বিষয়ে বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩. জনাব অলক কুমার সাহা, উপপরিচালক (মৎস্যচাষ) জানান মৎস্য অধিদপ্তরের ০৮টি বিভাগীয় দপ্তর, ০১ টি সামুদ্রিক মৎস্য দপ্তর এবং ০৩টি আঞ্চলিক মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর (মোট ১২টি দপ্তর) সভায় ভার্চুয়াল প্লাটফর্মে সংযুক্ত আছেন। তিনি সংশ্লিষ্ট দপ্তরসমূহের ওয়েব পোর্টালে প্রদর্শিত বিভিন্ন প্রকারের সেবা যথা- নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন।

৪. অতঃপর জনাব মোঃ জুয়েল শেখ, প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা মৎস্য অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ে একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন সভায় উপস্থাপন করেন। 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩' অনুসারে সংশ্লিষ্ট দপ্তরের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে তিনি সভাকে অবহিত করেন। এরপর তিনি পর্যায়ক্রমে সভায় সংযুক্ত ১২টি দপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' আলোচনার উদ্দেশ্যে সভায় উপস্থাপন করেন এবং বিভিন্ন পর্যবেক্ষণ ও করণীয় সম্পর্কে আলোকপাত করেন।

৫. মৎস্য অধিদপ্তরের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরীপ) জনাব সৈয়দ মোঃ আলমগীর সভায়- সুশাসন নিশ্চিতকরণে সিটিজেন'স চার্টারে প্রদর্শিত সেবাসমূহ যথাযথ ও সুষ্ঠুভাবে প্রদান করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন।

৬. জনাব আনিছুর রহমান তালুকদার, অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বিভিন্ন সেবা প্রদান বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত 'মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭' এবং 'সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪' অনুসরন করার জন্য উপস্থিত সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাবৃন্দকে নির্দেশনা প্রদান করেন।

এরপর সভাপতি উপস্থিত সকলকে তাদের নিজ নিজ দপ্তর হতে প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রদান করেন।

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

**সিদ্ধান্ত-**

১. আওতাধীন দপ্তরসমূহের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' প্রস্তুত করার ক্ষেত্রে মন্ত্রণালয়/ বিভাগ/ দপ্তর/ সংস্থার সেবাপ্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা ২০১৭ এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ফরম্যাট অনুসরণ করতে হবে (কপি সংযুক্ত);

২. মৎস্য অধিদপ্তর-এর সদর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি-তে উল্লিখিত 'ভিশন ও মিশন'-এর আলোকে সকল আওতাধীন দপ্তরের 'সেবা প্রদান

প্রতিশ্রুতি’ যথাযথভাবে হালনাগাদ করতে হবে;

৩. কর্মকর্তা বদলিজনিত কারণসহ অন্যান্য কারণে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ হালনাগাদ করার প্রয়োজন হলে অবিলম্বে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ সংস্কারপূর্বক হালনাগাদ করতে হবে;

৪. প্রতি ত্রৈমাসিক শেষের পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ হালনাগাদকরণপূর্বক মৎস্য অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

৫. ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’-তে কোনো ঘর খালি রাখা যাবেনা। ঘর শূন্য রাখার পরিবর্তে প্রযোজ্য ক্ষেত্রে 'প্রয়োজনীয় কাগজপত্র ও প্রাপ্তিস্থান'-এর ঘরে 'অত্র দপ্তর' বা প্রাসঙ্গিক ওয়েবসাইট লিঙ্ক যুক্ত করা যেতে পারে; 'সেবামূল্য ও পরিশোধ পদ্ধতি'-এর ঘরে 'বিনামূল্যে' এবং 'সেবা প্রদানের সময়সীমা'-এর ঘরে 'অবিলম্বে' ব্যবহার করা যেতে পারে;

৬. সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহের প্রয়োজনীয় পুনর্বিন্যাস এবং নাম সংশোধন করতে হবে। এ ক্ষেত্রে মৎস্য অধিদপ্তরের সদর দপ্তরের ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ অনুসরণ করা যেতে পারে;

৭. ‘অভিযোগ প্রতিকার ব্যাবস্থাপনা’ অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার পূর্ণ নামসহ পদ পদবী উল্লেখ করতে হবে এবং নিষ্পত্তির সময়সীমা কার্যদিবসে উল্লেখ করতে হবে;

৮. সংশ্লিষ্ট উর্ধ্বতন দপ্তরসমূহ মাঠ পর্যায়ের জেলা, উপজেলা, মান নিয়ন্ত্রণ ল্যাবরেটরি এবং সামুদ্রিক মৎস্য জরিপ ব্যবস্থাপনা ইউনিট, চট্টগ্রাম-এর ‘সেবা প্রদান প্রতিশ্রুতি’ যথাযথভাবে হালনাগাদকরণে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি- বর্ণনা মোতাবেক।

খঃ মাহবুবুল হক
মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২০.১৪.০০১.২২.৬৭

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০
২৮ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
২) পরিচালক (অভ্যন্তরীণ মৎস্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শণ ও মাননিয়ন্ত্রণ/পরিকল্পনা ও জরিপ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
৪) পরিচালক, সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম, মৎস্য অধিদপ্তর
৫) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা/চিংড়ি/ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর
৬) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ
৭) উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, ঢাকা/চট্টগ্রাম/খুলনা
৮) জেলা মৎস্য কর্মকর্তা, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
৯) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর
১০) সহকারী পরিচালক, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর
১১) উপজেলা মৎস্য কর্মকর্তা (রি), সম্প্রসারণ শাখা, মৎস্য অধিদপ্তর

অলক কুমার সাহা
উপপরিচালক (মৎস্যচাষ)